

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১৮৪. বিনা প্রয়োজনে বিশেষ করে ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে আল্লাহ্ তা'আলার নামে বেশি বেশি কসম খাওয়া

আল্লাহ তা'আলা বলেন:

وَلَا تَجْعَلُوا اللَّهَ عُرْضَةً لِّأَيْمَانِكُمْ أَن تَبَرُّوا وَتَتَّقُوا وَتُصْلِحُوا بَيْنَ النَّاسِ 🗈 وَاللَّهُ سَمِيعٌ عَلِيمٌ

"তোমরা সৎকাজ, আল্লাহভীরুতা ও মানুষের মধ্যকার দ্ব-বিগ্রহের সুষ্ঠু মীমাংসা থেকে বাঁচার জন্য আল্লাহ্ তা'আলার নামকে তোমাদের কসমের লক্ষ্যবস্তু বানিও না। বস্তুতঃ আল্লাহ্ তা'আলা সর্বশ্রোতা ও সর্বজ্ঞাতা"। (বাক্লারাহ্ : ২২৪)

আবু কাতাদাহ্ আন্সারী (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: আমি রাসূল (সা.) কে নিম্নোক্ত কথা বলতে শুনেছি তিনি বলেন:

إِيَّاكُمْ وَكَثْرَةَ الْحَلِفِ فِي الْبَيْعِ فَإِنَّهُ يُنَفِّقُ ثُمَّ يَمْحَقُ

"তোমরা কোন কিছু বিক্রি করতে গিয়ে অযথা বেশি বেশি কসম খাওয়া থেকে অবশ্যই বিরত থাকবে। কারণ, কোন কিছু বিক্রির সময় কসম খেলে তা অতি দ্রুত বিক্রি হয়ে যায় ঠিকই। তবে এ জাতীয় লাভে কোন বরকত থাকে না"।[1]

আবু হুরাইরাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: আমি রাসূল (সা.) কে নিম্নোক্ত কথা বলতে শুনেছি তিনি বলেন: الْحَلِفُ مَنْفَقَةٌ لِلسِّلْعَةِ مَمْحَقَةٌ لِلرِّبْح

"কোন পণ্য বিক্রির সময় কসম খেলে তা অতি দ্রুত বিক্রি হয় ঠিকই। তবে তাতে সত্যিকারার্থে কোন লাভ নেই। তথা বরকত নেই"।[2]

ফুটনোট

- [1] (মুসলিম, হাদীস ১৬০৭)
- [2] (মুসলিম, হাদীস ১৬০৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11434

<u>§</u> হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন